৪৬

দৈনিক ইত্তেফাক

FEB. 21 1999
তারিখ
পৃষ্ঠা ২৭ কলাম ৭

# চার মাসেও ছাত্রলীগের কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটি হইল না ॥ পদপ্রার্থীরা হতাশ

আনোয়ার আলদীন ॥ ছাত্রলীগের জাতীয় সম্মেলনের পর চার মাস অতিক্রান্ত হইলেও ছাত্রলীগের জাতীয় কার্যকরী পরিষদের পূর্ণাঙ্গ কমিটি আজও ঘোষণা করা হয় নাই। ফলে সংগঠনের পদপ্রার্থী নেতা-কর্মীরা হতাশায় কাল কাটাইতেছে। আওয়ামী লীগের হাইকমান্ড হইতে বারবার দ্রুত পূর্ণাঙ্গ কমিটি ঘোষণার তাগিদ দেওয়া হইলেও সভাপতি, সাধারণ সম্পাদক ব্যর্থতা প্রদর্শন করিয়া চলিয়াছে। ইহাছাড়া ঘোষিত অপূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটিতে স্থান পাওয়া বিবাহিত নেতাদের বাদ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশ দিলেও তাহা এখনও কার্যকর হয় নাই।

গত বৎসরের ২২শে অক্টোবর দীর্ঘ চার বৎসর পর ছাত্রলীগের জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনের পরপরই ১০১ সদস্যবিশিষ্ট ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির মাত্র ৫৩ জনের নাম ঘোষণা করা হয়। নূতন কমিটির নেতৃবৃন্দকে দায়িত্ব দেওয়া হয় দ্রুত পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করার জন্য। প্রাথমিক পর্যায়ে ছাত্রলীগের সাধারণ সম্পাদক অজয় কর খোকন একটি

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## চার মাসেও

(শেষ পৃষ্ঠার পর)

খসড়া কমিটি চূড়ান্ত করেন। কিন্তু তাহার আর অগ্রগতি হয় নাই। ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারী এই প্রতিনিধিকে গত ৩ মাস ধরিয়া একাধিকবার বলিয়াছেন, 'শীঘ্রই' কমিটি ঘোষণা করা হইবে। সাধারণ সম্পাদক অজয় কর খোকন বলিলেন, কমিটির খসড়া চূড়ান্ত হইয়াছে। সভাপতির সঙ্গে কিছুক্ষণের জন্য এই খসড়া নিয়া বসিলেই চূড়ান্ত কমিটি ঘোষণা করা যাইবে। জানা যায়, ২২শে অক্টোবর ঘোষিত কমিটির বাহিরে ক্রীড়া সম্পাদক, তথ্য ও গবেষণা সম্পাদকসহ ৪৮টি পদ এখনও শূন্য। অবাক বিষয় হইল, দেশের এই প্রধান ছাত্র সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি গত সাড়ে চার বৎসরেও সাবেক ভার্সিটি শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক পূর্ণাঙ্গ করিতে পারেন নাই। তাহারা হলগুলির কমিটিও পূর্ণাঙ্গ করিতে পারেন নাই। এই নয়া কমিটির ভাগ্যও সেই দিকে ধাবিত হইতেছে। গত সাড়ে ৪ বৎসর ধরিয়া ছাত্রলীগের পরিশ্রমী ও ত্যাগী নেতা-কর্মীরা কোন পদ না পাইয়া হতাশ। অনেকে সংগঠনে পদের আশায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনও ক্ষতিগ্রস্ত করিয়াছে। কেহ কেহ বিপথগামী হইতেছে হতাশার আবর্তে।

জানা গিয়াছেঃ গত শুক্রবার ডাকসু ক্যাফেটেরিয়ায় ছাত্রলীগের প্রশিক্ষণ কর্মশালায় গিয়া আওয়ামী লীগ নেতা, যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা না করায় সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রতি ক্ষোভ প্রকাশ করেন।

এদিকে গতকাল ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি ঘোষণা করা হইয়াছে। এই কমিটিতেও কয়েকটি পদ এখনও পূর্ণ করা হয় নাই। গত ১৯শে অক্টোবর বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন শেষে ৪১ সদস্যের কমিটির মধ্যে ঐদিন সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৬ জনের নাম ঘোষণা করা হইয়াছিল। গতকাল আরও কয়েকজনের নাম ঘোষণা করা হইয়াছে।